78

আজকের কাগজ

তারিখ 2.7. JAN 1996
পৃষ্ঠা ১ কলাম ২

# আদালতের রায় পেয়েও বিউটি তার পরীক্ষার ফলাফল জানতে পারেনি

দেওয়ানী মামলায় আদালতের রায় পেয়েও বিউটি আক্তার তার উচ্চ মাধ্যমিক পরীক্ষার ফলাফল জানতে পারেনি। উচ্চ মাধ্যমিক শিক্ষা বোর্ড, যশোর দেওয়ানী আদালতের রায় ও ডিক্রি উপেক্ষা করে ফলাফল প্রকাশে গড়িমসি করছে। উল্লেখ্য, বিউটি আক্তার গত '৯২-৯৩ শিক্ষাবর্ষে বরগুনা মহিলা কলেজ থেকে এই কেন্দ্রে মানবিক বিভাগে উচ্চ মাধ্যমিক পরীক্ষায় অংশগ্রহণ করে। ২৩ আগস্ট '৯৫ পরীক্ষা চলাকালে জনৈক ম্যাজিস্ট্রেট তাকে পরীক্ষা শেষের ৩০ মিনিট পূর্বে খাতা নিয়ে যান এবং বহিষ্কারের পদক্ষেপ নেন। বিউটি আক্তার এই পদক্ষেপের বিরুদ্ধে পরদিনই বরগুনার সহকারি জজ আদালতে দেওয়ানী মামলা দায়ের করেন, (নং ৭০/৯৫)। আদালত বাদিনীর পক্ষে বাধ্যতামূলক নিষেধাজ্ঞা জারি করায় বিউটি পরবর্তী পরীক্ষাসমূহে যথারীতি অংশগ্রহণ করে। ঐ বছরের ২৬ অক্টোবর মোকদ্দমার নিষ্পত্তির রায় বাদিনীর পক্ষে আসে। উচ্চমাধ্যমিক শিক্ষাবোর্ড যশোর, চেয়ারম্যান বরাবরে মোকদ্দমার রায়সহ আবেদন করেও বিউটি দীর্ঘ ৩ মাসেও তার ফলাফল জানতে পারেনি। অনার্স ও ডিগ্রি শ্রেণীতে ভর্তি শুরু হওয়া সত্ত্বেও বোর্ড কর্তৃপক্ষ আক্রোশমূলকভাবে ফলাফল প্রকাশে বিলম্ব করছে বলে বিউটি আক্তারের অভিভাবকরা অভিযোগ করেন। তার পক্ষে তার কৌসুলী-চেয়ারম্যান উচ্চ মাধ্যমিক শিক্ষাবোর্ড, ও পরীক্ষা নিয়ন্ত্রক মাধ্যমিক ও উচ্চ মাধ্যমিক শিক্ষাবোর্ড যশোর ও কেন্দ্র সচিব বরাবর আদালত অবমাননার জন্যে কেনো তাদের বিরুদ্ধে পুনরায় মামলা দায়ের করা হবে না এই মর্মে ৬ জানুয়ারি ৭ দিনের ভেতর কারণ দর্শাও নোটিস দিয়েছে। বরগুনা থেকে হাসান ঝন্টু।